দৈনিক ইনকিলাব

25

তারিখ ... 13 FEB 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সম্মান শ্রেণীর ২৮৭০টি আসনে ২৫ হাজার প্রার্থী

॥ রাজশাহী বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ২৮৭০টি নির্ধারিত আসনে ২৫ হাজার ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেবে বলে আশা করা হচ্ছে। গত রোববার ছিল ভর্তি ফরম জমা দেয়ার শেষ দিন

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

সর্বমোট কতগুলো ফরম জমা পড়েছে তার সঠিক হিসাব পাওয়া না গেলেও ৬টি অনুষদের ২৮টি বিভাগের ২৮৭০টি আসনের জন্য সর্বমোট ২৫,১০৫টি ফরম বিক্রি হয়েছে বলে জানা গেছে।

'৮৮-৮৯ সেশনে এই বিশ্ববিদ্যালয়ে প্রার্থী সংখ্যা ছিল ১৭,৯৬৭ জন এবং '৮৭-৮৮ সেশনে প্রার্থী ছিল ১৫,৯৯২ জন। ভর্তি পরীক্ষা ২৫ ফেব্রুয়ারী থেকে শুরু হবার কথা।